



তারিখ: ১৯ ডিসেম্বর, ২০২৩

স্মারক নং: ববি/রেজি/অবি/২০২৩/১৪৩

অফিস বিজ্ঞপ্তি
ফ্রি স্টুডেন্টশীপ-স্প্রিং ২০২৪ (বাই-সেমিস্টার)

শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ে প্রতি সেমিস্টারে ৩% দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের টিউশন ফি মওকুফের সুবিধা বা ফ্রি স্টুডেন্টশীপ দেওয়া হয়ে থাকে।

স্প্রিং-২০২৪ সেমিস্টারে ফ্রি স্টুডেন্টশীপ এর জন্য আগ্রহী শিক্ষার্থীরা ১১.০১.২০২৪ থেকে ১৪.০১.২০২৪ তারিখ পর্যন্ত অনলাইনে ফ্রি স্টুডেন্টশীপ এর জন্য আবেদন করতে পারবে। শিক্ষার্থীরা Student Panel এ Waiver Application অপশনে ক্লিক করে আবেদনপত্রের সকল তথ্য সঠিকভাবে পূরণ করে Submit করবে। Submit করার পরে কোনো কিছু সংশোধন বা পুনরায় আবেদন করা যাবেনা। সামার-২০২৩ সেমিস্টারে ফ্রি স্টুডেন্টশীপ সুবিধা প্রাপ্ত শিক্ষার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। শিক্ষার্থীর সেমিস্টার পরীক্ষার ফলাফল ও আর্থিক অবস্থা মূল্যায়ন করে এই সুবিধা বজায় থাকবে/থাকবে না।

উল্লেখ্য, নতুনভাবে আবেদন করার জন্য এবং ফ্রি স্টুডেন্টশীপ প্রাপ্ত শিক্ষার্থীদের সুবিধা পুনর্বিবেচনার জন্য সর্বশেষ সেমিস্টার ফাইনাল পরীক্ষায় নিম্নরূপ জিপিএ থাকতে হবে:

* স্প্রিং-২০২৩ থেকে ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য: সকল বিভাগের ক্ষেত্রে: ন্যূনতম জিপিএ - ৩.৫০

* ফল-২০২২ পর্যন্ত ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য:

ক) ইংরেজি, আইন ও মানবাধিকার, সমাজবিজ্ঞান, অর্থনীতি, জার্নালিজম, রাষ্ট্রবিজ্ঞান: ন্যূনতম জিপিএ - ৩.০০

খ) ব্যবসায় প্রশাসন, সিএসই, ইইই, ফার্মেসি: ন্যূনতম জিপিএ - ৩.২৫

বিভাগীয় প্রোগ্রাম অফিসকে আগামী ১৮.০১.২০২৪ তারিখের মধ্যে উল্লিখিত বিষয়ের শিক্ষার্থীদের তালিকার হার্ডকপি (বিভাগীয় প্রধান/কো-অর্ডিনেটর কর্তৃক স্বাক্ষরিত) ও সফট কপি রেজিস্ট্রার অফিসে প্রেরণ করতে হবে।

আগামী ২২.০১.২০২৪ তারিখ বিকাল ৪ টায় ফ্রি স্টুডেন্টশীপ এর জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

সুরঞ্জিত মন্ডল

রেজিস্ট্রার

সদয় অবগতির জন্য:

১. মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত), বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
২. মাননীয় উপ-উপাচার্য, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

৩. সকল বিভাগ: বিভাগীয় প্রধান, কো-অর্ডিনেটর, শিক্ষক, প্রোগ্রাম অফিস, নোটিশ বোর্ড, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৪. সকল অফিস, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৫. অফিস কপি

VARENDRA UNIVERSITY

H-529/1 Kazla, Motihar, Rajshahi-6204, Bangladesh
 Tel : (0721) 751274 | 751459, Cell : 01730 406501-4 | Fax : (0721) 750748
 e-mail : info@vu.edu.bd, Web : www.vu.edu.bd